Roll No. | | | | | | | | |

(Write Roll Number from left side exactly as in the Admit Card)

*Signature of Invigilator*

**Question Booklet Series** **X**

**PAPER–II** **Question Booklet No.**

**Subject Code : 10**

# POLITICAL SCIENCE

*Time : 2 Hours* *Maximum Marks: 200*

***Instructions for the Candidates***

1. Write your Roll Number in the space provided on the top of this page as well as on the OMR Sheet provided.
2. At the commencement of the examination, the question booklet will be given to you. In the first 5 (five) minutes, you are requested to open the booklet and verify it:
   (i) To have access to the Question Booklet, tear off the paper seal on the edge of this cover page.
   (ii) Faulty booklet, if detected, should be got replaced immediately by a correct booklet from the invigilator within the period of 5 minutes. Afterwards, neither the Question Booklet will be replaced nor any extra time will be given.
   (iii) Verify whether the Question Booklet No. is identical with OMR Answer Sheet No.; if not, the full set is to be replaced.
   (iv) After this verification is over, the Question Booklet Series and Question Booklet Number should be entered on the OMR Sheet.
3. This paper consists of One Hundred (100) multiple-choice type questions. All the questions are compulsory. Each question carries *two* marks.
4. Each Question has four alternative responses marked: (A) (B) (C) (D). You have to darken the circle as indicated below on the correct response against each question.
   *Example:* (A) (B) ● (D) , where (C) is the correct response.
5. Your responses to the questions are to be indicated correctly in the OMR Sheet. If you mark your response at any place other than in the circle in the OMR Sheet, it will not be evaluated.
6. Rough work is to be done at the end of this booklet.
7. If you write your Name, Phone Number or put any mark on any part of the OMR Sheet, except in the space allotted for the relevant entries, which may disclose your identity or use abusive language or employ any other unfair means, such as change of response by scratching or using white fluid, you will render yourself liable to disqualification.
8. Do not tamper or fold the OMR Sheet in any way. If you do so, your OMR Sheet will not be evaluated.
9. You have to return the Original OMR Sheet to the invigilator at the end of the examination compulsorily and must not carry it with you outside the Examination Hall. You are, however, allowed to carry question booklet and duplicate copy of OMR Sheet after completion of examination.
10. **Use only Black Ball point pen.**
11. **Use of any calculator, mobile phone, electronic devices/gadgets etc. is strictly prohibited.**
12. **There is no negative marks for incorrect answer.**

***পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী***

১. এই পৃষ্ঠার উপরিভাগের নির্দিষ্ট স্থানে এবং OMR পত্রের নির্দিষ্ট স্থানে নিজের ক্রমিক সংখ্যা (Roll No.) লিখুন।

২. পরীক্ষার সূচনায় প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) আপনাকে দেওয়া হবে। প্রথম ৫ (পাঁচ) মিনিটেই প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) খুলে নিবিড় ভাবে যাচাই করে নেওয়ার জন্য আপনাকে অনুরোধ করা হচ্ছে ঃ
   (i) প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) উন্মুক্ত করতে প্রচ্ছদ পৃষ্ঠার (Cover Page) প্রান্তস্থ কাগজের সীলটি আপনাকে খুলতে হবে।
   (ii) যদি প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ত্রুটিযুক্ত এমন নির্ধারিত হয়, তাহলে পরীক্ষা শুরুর প্রথম পাঁচ মিনিটের মধ্যে পরীক্ষা পরিদর্শক সেটি সঠিক প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) দ্বারা প্রতিস্থাপিত করে দেবেন। এই সময়ের পর কোনও ভাবে প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) প্রতিস্থাপন করা যাবে না। কোনও অতিরিক্ত সময়ও দেওয়া হবে না।
   (iii) প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) এবং OMR পত্রের নম্বর অভিন্ন আছে কিনা যাচাই করে নেবেন। নম্বরে অমিল থাকলে সম্পূর্ণ সেট্‌টি প্রতিস্থাপিত করতে হবে।
   (iv) যাচাই সম্পূর্ণ হলে প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) সিরিজ এবং প্রশ্নপত্র পুস্তিকার (বুকলেট) নম্বর OMR পত্রে লিপিবদ্ধ করতে হবে।

৩. এই পত্রটিতে একশত (১০০)-টি বহুমুখী উত্তরধর্মী প্রশ্ন (Multiple-choice Type Questions) রয়েছে। প্রতিটি প্রশ্নের উত্তর করা আবশ্যিক। প্রতিটি প্রশ্নের মান *দুই*।

৪. প্রতিটি প্রশ্নের উত্তররূপে চারটি বৃত্ত (Circle) চিহ্নিত বিকল্প উত্তর রয়েছে ঃ (A) (B) (C) (D)। নিম্নলিখিত নির্দেশমত আপনাকে সঠিক উত্তরটির বৃত্ত ঘন কালো করতে হবে।
   *উদাহরণ ঃ* (A) (B) ● (D), যেখানে সঠিক উত্তর (C)।

৫. আপনার দেওয়া প্রশ্নের সঠিক উত্তরগুলি যেন OMR পত্রের নির্দিষ্ট স্থানেই দেওয়া হয়। OMR পত্রের নির্দিষ্ট বৃত্তের বাইরে উত্তর দিলে কোনও ভাবেই তা মূল্যায়িত হবে না।

৬. প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) শেষ অংশে রাফ কাজ (rough work) করবেন।

৭. OMR পত্রের নির্দিষ্ট স্থানে নির্দিষ্ট তথ্য প্রদান ব্যতীত আপনি যদি অতিরিক্ত কোনও ব্যক্তিগত তথ্য যথা— নাম, ফোন নম্বর লেখেন অথবা এমন কোনও ইঙ্গিত দেন যার দ্বারা আপনার ব্যক্তিগত পরিচয় চিহ্নিত হতে পারে অথবা কোনও অবমাননাকর ভাষার প্রয়োগ হয় অথবা অসৎ কোনও উপায় অবলম্বন করা হয় যথা— আঁচড় দিয়ে বা সাদা কালি দিয়ে উত্তর পরিবর্তনের প্রয়াস করা হয়, সেক্ষেত্রে আপনি আপনার উত্তরপত্র বাতিলের জন্য দায়ী থাকবেন।

৮. OMR পত্রটি কোনও ভাবে ক্ষতিগ্রস্ত করবেন না বা ভাঁজ করবেন না। সেক্ষেত্রে আপনার OMR পত্রটি মূল্যায়িত হবে না।

৯. পরীক্ষা সমাপ্ত হলে আবশ্যিক ভাবে প্রকৃত (Original) OMR পত্রটি পরীক্ষা পরিদর্শককে জমা দিতে হবে এবং কোনও ভাবে এটি পরীক্ষা কক্ষের বাইরে নিজের সঙ্গে বহন করা যাবে না। আপনি অবশ্য পরীক্ষা সমাপ্ত হওয়ার পর প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ও OMR পত্রের প্রতিলিপি (Duplicate) কপিটি নিজের সঙ্গে বহন করে নিয়ে যেতে পারবেন।

১০. **শুধুমাত্র কালো বল্ পয়েন্ট পেন ব্যবহার করবেন।**

১১. **কোনও প্রকার ক্যালকুলেটর, মোবাইল ফোন, বৈদ্যুতিন উপকরণের (ডিভাইস/গ্যাজেটস ইত্যাদি) ব্যবহার কঠোরভাবে নিষিদ্ধ।**

১২. **ভুল উত্তরের জন্য কোনও রকম নেতিবাচক (Negative) নম্বর দেওয়া হবে না।**

## Paper II

## (Political Science)

**1.** "Good Governance" pertains to

(A) making sure that all governments are good.

(B) UNCTAD's effort to improve people for better government.

(C) political conditionalities under the garb of economic policies.

(D) social development under the WTO-led trade policies.

**2.** Who characterised Taylorism as a tool of monopoly capital?

(A) Chester Barnard

(B) Mary Parker Follett

(C) Harry Braverman

(D) Elton Mayo

**3.** Argumentative Turn in Public Policy refers to

(A) arguing with policy makers.

(B) policy makers arguing with the political executive.

(C) relevance of argumentation, language and deliberation in policy making.

(D) arguments to justify all policies.

**4.** New Public Administration emphasises on

(I) Relevance

(II) Politics-administration dichotomy

(III) Values

(IV) Equity

Choose the correct answer from the options below:

(A) (I), (II) and (III)

(B) (II), (III) and (IV)

(C) (I), (III) and (IV)

(D) (I), (II) and (IV)

**1.** 'সুশাসন' হল

(A) সব সরকার ভালো তা নিশ্চিত করা।

(B) ভালো সরকারের জন্য জনগণকে উন্নীত করবার UNCTAD-এর প্রয়াস।

(C) অর্থনৈতিক নীতির ছদ্মবেশে রাজনৈতিক শর্তসাপেক্ষতা।

(D) WTO-র দ্বারা গৃহীত বাণিজ্যিক নীতির অন্তর্ভুক্ত সামাজিক উন্নয়ন।

**2.** কে টেলরবাদকে একচেটিয়া পুঁজির যন্ত্র হিসেবে চিহ্নিত করেছিলেন?

(A) চেস্টার বার্নার্ড

(B) মেরি পার্কার ফলেট

(C) হ্যারি ব্রেভারম্যান

(D) এল্টন মেয়ো

**3.** জননীতির তর্কশীল বাঁক বলতে বোঝায়

(A) নীতি প্রণেতাদের সঙ্গে তর্ক।

(B) রাজনৈতিক প্রশাসকদের সঙ্গে নীতি প্রণেতাদের তর্ক।

(C) নীতি তৈরির ক্ষেত্রে তর্কশীলতা, ভাষা এবং আলাপ-আলোচনার প্রাসঙ্গিকতা।

(D) সব নীতির বৈধকরণে যুক্তি।

**4.** নয়া জনপ্রশাসন যে বিষয়ে গুরুত্ব দেয়, তা হল

(I) প্রাসঙ্গিকতা

(II) রাজনীতি-প্রশাসনের দ্বিত্ব

(III) মূল্যবোধ

(IV) ন্যায্যতা

নিম্নোক্ত বিকল্পগুলি থেকে সঠিক উত্তর নির্বাচন করুন ঃ

(A) (I), (II) এবং (III)

(B) (II), (III) এবং (IV)

(C) (I), (III) এবং (IV)

(D) (I), (II) এবং (IV)

**5.** Which among the following was *not* a part of the Washington consensus?

(A) Low fiscal deficit.

(B) Privatisation of state enterprises.

(C) Adoption of free trade policies.

(D) Narrow tax base and moderate tax rate.

**6.** Who among the following has called Weber's ideal type of bureaucracy as unsuitable for developing societies?

(A) Herbert Simon

(B) Chester I. Barnard

(C) Fred W. Riggs

(D) Dwight Waldo

**7.** Elinor Ostrom propounded that

(A) all local resources management is more efficient under a central public authority.

(B) market forces are the best allocator of value of local resources.

(C) local communities are the best at managing and regulating their natural resources.

(D) NGOs must play the central role in managing local resources.

**8.** Which of the following are the advantages of e-governance?

(I) It makes government more accountable.

(II) It minimises people's participation in government affairs.

(III) It lowers transaction cost.

(IV) It helps building trust between the government and citizens.

Select the right code from the following:

(A) (I), (II) and (III)

(B) (II), (III) and (IV)

(C) (I), (II) and (IV)

(D) (I), (III) and (IV)

**5.** নিম্নোক্তগুলির মধ্যে কোনটি ওয়াশিংটন সহমতের অংশ ছিল *না*?

(A) কম রাজস্ব ঘাটতি।

(B) রাষ্ট্রীয় উদ্যোগের বেসরকারিকরণ।

(C) উদার বাণিজ্য নীতি গ্রহণ।

(D) সীমিত করের ভিত এবং স্বল্প করের হার।

**6.** নিম্নলিখিত ব্যক্তিদের মধ্যে কে বলেছিলেন যে ওয়েবার-এর 'আদর্শ আমলাতন্ত্র' বিকাশশীল সমাজগুলির পক্ষে যথাযোগ্য নয়?

(A) হারবার্ট সাইমন

(B) চেস্টার আই. বার্নার্ড

(C) ফ্রেড ডব্লিউ. রিগ্‌স

(D) ডুউইট ওয়াল্ডো

**7.** এলিনর ওস্ট্রম প্রস্তাব করেন যে

(A) সমস্ত স্থানীয় সম্পদের পরিচালনা কেন্দ্রীয় গণকর্তৃত্বের অধীনে অনেক দক্ষভাবে সম্ভব হয়।

(B) বাজারের শক্তিগুলিই স্থানীয় সম্পদের শ্রেষ্ঠ মূল্যের বণ্টনকারী।

(C) স্থানীয় কৌমগুলিই তাদের প্রাকৃতিক সম্পদের শ্রেষ্ঠ পরিচালক ও নিয়ন্ত্রণকারী।

(D) NGO-গুলির উচিত স্থানীয় সম্পদগুলির পরিচালনায় কেন্দ্রীয় ভূমিকা পালন করা।

**8.** নিম্নোক্তগুলির মধ্যে কোনগুলি ই-শাসনপ্রক্রিয়ার সুবিধা?

(I) এটি সরকারকে আরও দায়বদ্ধ করে।

(II) এটি সরকারি কাজে জনসাধারণের অংশগ্রহণ কমায়।

(III) এটি কার্যসম্পাদনের ব্যয় হ্রাস করে।

(IV) এটি সরকার ও নাগরিকদের মধ্যে পারস্পরিক আস্থা বৃদ্ধি করে।

নিম্নলিখিতগুলির মধ্য থেকে সঠিক সংকেত চিহ্নিত করুন ঃ

(A) (I), (II) এবং (III)

(B) (II), (III) এবং (IV)

(C) (I), (II) এবং (IV)

(D) (I), (III) এবং (IV)

**9.** State under neoliberal regimes are likely to witness:

(A) Expansion of welfare activities
(B) Retreat from the social sector
(C) Both (A) & (B)
(D) None of the above

**9.** নয়া উদারবাদী ব্যবস্থায় রাষ্ট্রের ক্ষেত্রে লক্ষ করা যায়

(A) কল্যাণমূলক কাজের বিস্তৃতি
(B) সামাজিক ক্ষেত্র থেকে অপসরণ
(C) (A) এবং (B) দুটোই
(D) উপরের কোনোটাই নয়

**10.** What did the discourse of negritude represent?

(A) Colonialism
(B) Cultural imperialism
(C) Racial exploitation
(D) Decolonisation

**10.** নিম্নোক্ত কোনটি নেগ্রিট্যুড-এর বয়ানকে প্রতিনিধিত্ব করে?

(A) উপনিবেশবাদ
(B) সাংস্কৃতিক সাম্রাজ্যবাদ
(C) বর্ণভিত্তিক শোষণ
(D) উপনিবেশ বিমুক্তি

**11.** Arrange the interest groups as given by Gabriel Almond in sequential order using the codes:

(i) Institutional groups
(ii) Non-associational groups
(iii) Associational groups
(iv) Anomic groups

*Codes*:

(A) (iii), (ii), (iv) and (i)
(B) (i), (iii), (iv) and (ii)
(C) (ii), (iv), (i) and (iii)
(D) (iv), (i), (iii) and (ii)

**11.** গ্যাব্রিয়েল অ্যামন্ড বর্ণিত স্বার্থবাহী গোষ্ঠীগুলিকে সংকেতের ভিত্তিতে অনুক্রমিকভাবে সাজান ঃ

(i) প্রাতিষ্ঠানিক গোষ্ঠী
(ii) অ-সহযোগী গোষ্ঠী
(iii) সহযোগী গোষ্ঠী
(iv) অ্যানোমিক গোষ্ঠী

*সংকেত* ঃ

(A) (iii), (ii), (iv) এবং (i)
(B) (i), (iii), (iv) এবং (ii)
(C) (ii), (iv), (i) এবং (iii)
(D) (iv), (i), (iii) এবং (ii)

**12.** Michels' 'Iron law of oligarchy' was conceptualised on the basis of the study of

(A) German Social Democratic Party.
(B) Republican Party of the U.S.A.
(C) British Labour Party.
(D) Communist Party of the Soviet Union.

**12.** মিশেলস্-এর 'গোষ্ঠীতন্ত্র-এর লৌহশাসন'-এর ধারণাটি গড়ে উঠেছিল নিম্নোক্ত কোন দলের সমীক্ষার ওপর ভিত্তি করে?

(A) জার্মান সোশ্যাল ডেমোক্রেটিক পার্টি
(B) মার্কিন যুক্তরাষ্ট্রের রিপাবলিকান পার্টি
(C) ব্রিটিশ লেবার পার্টি
(D) সোভিয়েত ইউনিয়নের কমিউনিস্ট পার্টি

**13.** Who among the following first developed the concept of general systems theory?

(A) Ludwig Von Bertallanffy
(B) Colin Cherry
(C) Robert K. Merton
(D) Talcott Parsons

**14.** Who among the following used the concept of 'Print Capitalisam'?

(A) Dennis Dalton
(B) Benedict Anderson
(C) Louis Althusser
(D) Michel Foucault

**15.** Which of the following is *not* considered as a dimension of political culture?

(A) Cognitive
(B) Behaviorial
(C) Affective
(D) Evaluative

**16.** The first political philosopher to have proposed a classification of Constitutions was

(A) K. C. Wheare
(B) Walter Bagehot
(C) Lord Bryce
(D) None of the above

**17.** Which of the following was *not* a settler colony?

(A) Ghana
(B) Algeria
(C) South Africa
(D) Zimbabwe

**13.** নিম্নলিখিত ব্যক্তিদের মধ্যে কে প্রথম সাধারণ ব্যবস্থাজ্ঞাপক তত্ত্ব-এর ধারণা গড়ে তোলেন?

(A) লুডউইগ ভন বার্টালানফি
(B) কলিন চেরি
(C) রবার্ট কে. মার্টন
(D) ট্যালকট পার্সন্স্

**14.** নিম্নলিখিত ব্যক্তিদের মধ্যে কে 'মুদ্রণ পুঁজিবাদ' কথাটি ব্যবহার করেন?

(A) ডেনিস ডালটন
(B) বেনেডিক্ট অ্যান্ডারসন
(C) লুই আলথুসার
(D) মিশেল ফুকো

**15.** নিম্নোক্তগুলির মধ্যে কোনটি রাজনৈতিক সংস্কৃতির মাত্রা হিসেবে গণ্য হয় *না*?

(A) জ্ঞানগত
(B) আচরণগত
(C) আবেগগত
(D) বিচারগত

**16.** প্রথম কোন দার্শনিক সংবিধানের শ্রেণিবিভাগের প্রস্তাব দিয়েছিলেন?

(A) কে. সি. হুইয়ার
(B) ওয়াল্টার বেজহট
(C) লর্ড ব্রাইস
(D) উপরের কেউই নন

**17.** নিম্নলিখিত দেশগুলির মধ্যে কোনটিতে উপনিবেশ-কারীদের বসবাসের কলোনি গড়ে ওঠেনি?

(A) ঘানা
(B) আলজিরিয়া
(C) দক্ষিণ আফ্রিকা
(D) জিম্বাবোয়ে

**18.** Post-Development:

(I) Offers a thoroughgoing critique of modernism

(II) Highlights that development stands like a ruin in the intellectual landscape

(III) Offers a coherent theory and programme of action

(IV) Ignores grassroots movements as complicit in developmentalism

Select the right code from the following:

(A) (I) and (II) are correct.

(B) (I), (II) and (III) are correct.

(C) (I), (II) and (IV) are correct.

(D) None of the above

**19.** The concept of Civic Culture was developed out of a survey of:

(A) Mexico, India, Pakistan, U.S.A. and U.K.

(B) U.S.A., U.K., Mexico, Germany and Italy

(C) U.S.A., U.K., Australia, Pakistan and India

(D) Australia, Canada, U.S.A., U.K. and France

**20.** Majoritarianism implies

(A) rule by majority

(B) proportional representation

(C) consociationalism

(D) None of the above

**21.** Which of the following is *not* classified as a new social movement?

(A) Working Class Movement.

(B) Movement by the Sexual Minorities.

(C) Women's Movement.

(D) Environmental Movement.

**18.** উত্তর উন্নয়ন ঃ

(I) আধুনিকতার পূর্ণাঙ্গ সমালোচনা করে

(II) বৌদ্ধিক দৃশ্যপটে উন্নয়ন এক ভগ্নাবশেষের মতো দাঁড়িয়ে—এমন ধারণা দেয়

(III) এক সুসংবদ্ধ তত্ত্ব এবং কর্মসূচির কথা বলে

(IV) উন্নয়নবাদে যুক্ত তৃণমূলস্তরের আন্দোলনগুলিকে অবহেলা করে

নিম্নলিখিতগুলির মধ্য থেকে সঠিক সংকেত চিহ্নিত করুন ঃ

(A) (I) এবং (II) সঠিক।

(B) (I), (II) এবং (III) সঠিক।

(C) (I), (II) এবং (IV) সঠিক।

(D) উপরের কোনোটিই নয়

**19.** পৌর সংস্কৃতির ধারণা গড়ে উঠেছিল নিম্নলিখিত দেশগুলির সমীক্ষা করে ঃ

(A) মেক্সিকো, ভারত, পাকিস্তান, ইউ. এস. এ এবং ইউ. কে.

(B) ইউ. এস. এ, ইউ. কে, মেক্সিকো, জার্মানি এবং ইতালি

(C) ইউ. এস. এ, ইউ. কে, অস্ট্রেলিয়া, পাকিস্তান এবং ভারত

(D) অস্ট্রেলিয়া, কানাডা, ইউ. এস. এ, ইউ. কে এবং ফ্রান্স

**20.** সংখ্যাগরিষ্ঠতাবাদ হল

(A) সংখ্যাগরিষ্ঠের শাসন

(B) আনুপাতিক প্রতিনিধিত্ব

(C) সংঘবদ্ধবাদ

(D) উপরের কোনোটিই নয়

**21.** নিম্নোক্ত কোন সামাজিক আন্দোলনকে নয়া সামাজিক আন্দোলনের অন্তর্ভুক্ত করা হয় *না*?

(A) শ্রমিক শ্রেণির আন্দোলন।

(B) যৌন সংখ্যালঘুদের আন্দোলন।

(C) নারী আন্দোলন।

(D) পরিবেশ আন্দোলন।

**22.** Which innovative concept was coined by Hamza Alavi?

(A) Underdeveloped State
(B) Soft State
(C) Overdeveloped State
(D) Islamic State

**23.** Robert Putnam's concept of social capital is associated with the following approach to the study of comparative politics:

(A) Institutional
(B) Political Culture
(C) Political Economy
(D) New Institutionalism

**24.** Which of the following books is *not* written by Max Weber?

(A) *The Ruling Class*
(B) *Protestant Ethic and the Spirit of Capitalism*
(C) *Politics as a Vocation*
(D) *Economy and Society*

**25.** Given below are two statements, one labelled as *Assertion* (*A*) and the other labelled as *Reason* (*R*). Select the correct answer from the codes below:

*Assertion (A)* : Presidential system provides for a stable governance model for a full term.

*Reason (R)* : Centralization of power is inherent in presidential system.

*Codes*:

(A) Both (*A*) and (*R*) are true and *(R)* is the correct explanation of *(A)*.
(B) Both (*A*) and (*R*) are true, but *(R)* is not the correct explanation of *(A)*.
(C) *(A)* is true, but *(R)* is false.
(D) *(A)* is false, but *(R)* is true.

**22.** নিম্নলিখিত উদ্ভাবিত ধারণাগুলির মধ্যে কোনটি হামজা আলাভি চয়ন করেছিলেন?

(A) স্বল্পোন্নত রাষ্ট্র
(B) কোমল রাষ্ট্র
(C) অতি-উন্নত রাষ্ট্র
(D) ইসলামীয় রাষ্ট্র

**23.** তুলনামূলক রাজনীতির নিম্নোক্ত কোন দৃষ্টিভঙ্গির সাথে রবার্ট পুটনামের সামাজিক পুঁজির ধারণাটি সম্পৃক্ত?

(A) প্রাতিষ্ঠানিক
(B) রাজনৈতিক সংস্কৃতি
(C) রাজনৈতিক অর্থনীতি
(D) নয়া প্রতিষ্ঠানবাদ

**24.** নিম্নলিখিত কোনটি ম্যাক্স ওয়েবার *লেখেননি*?

(A) *দ্য রুলিং ক্লাস*
(B) *প্রোটেস্টান্ট এথিক অ্যান্ড দ্য স্পিরিট অফ ক্যাপিটালিজম*
(C) *পলিটিক্স অ্যাজ আ ভোকেশন*
(D) *ইকোনমি অ্যান্ড সোসাইটি*

**25.** নীচে দুটি বিবৃতি আছে, যার একটি *প্রত্যয়* (*A*) ও অন্যটি *যুক্তি* (*R*) হিসেবে নির্ণিত। বিবৃতিগুলি পড়ে নীচের কোন সংকেতটি সঠিক তা নিরূপণ করুন ঃ

*প্রত্যয়* (*A*) ঃ রাষ্ট্রপতিশাসিত শাসনব্যবস্থা পূর্ণ মেয়াদের এক স্থিতিশীল শাসনের মডেল উপস্থাপন করে।

*যুক্তি* (*R*) ঃ ক্ষমতার কেন্দ্রীকরণ রাষ্ট্রপতিশাসিত শাসনব্যবস্থার সহজাত।

*সংকেত* ঃ

(A) (*A*) এবং (*R*) দুটিই সত্য এবং (*R*) সঠিকভাবে (*A*) কে ব্যাখ্যা করে।
(B) (*A*) এবং (*R*) দুইটি সত্য কিন্তু (*R*) সঠিকভাবে (*A*) কে ব্যাখ্যা করে না।
(C) (*A*) সত্য, কিন্তু (*R*) মিথ্যা।
(D) (*A*) মিথ্যা, কিন্তু (*R*) সত্য।

**26.** Which among the following is *not* a significant aspect of the genealogical concept of power?

(A) Knowledge
(B) Surveillance
(C) Resistance
(D) None of the above

**26.** নীচের কোনটি ক্ষমতার উৎপত্তি-তত্ত্বমূলক ধারণার উল্লেখযোগ্য দিক *নয়*?

(A) জ্ঞান
(B) নজরদারি
(C) প্রতিরোধ
(D) উপরের কোনোটিই নয়

**27.** The policy of protective discrimination seeks to promote which of the following?

(A) Formal equality
(B) Substantive equality
(C) Inequality
(D) Meritocracy

**27.** রক্ষামূলক বৈষম্য নিম্নোক্ত কোনটিকে তুলে ধরতে চেষ্টা করে?

(A) আনুষ্ঠানিক সাম্য
(B) প্রকৃত সাম্য
(C) অসাম্য
(D) মেধাতন্ত্র

**28.** Which one of the following pairs is mismatched?

| | Books | | Authors |
|---|---|---|---|
| (A) | *The Wretched of the Earth* | (i) | Frantz Fanon |
| (B) | *World Order* | (ii) | Henry Kissinger |
| (C) | *Implosion of Capitalism* | (iii) | Samir Amin |
| (D) | *Neo-colonialism: The Last Stage of Imperialism* | (iv) | Julius Nyerere |

**28.** নিম্নোক্তগুলির মধ্যে থেকে অমিল জুটিটি চিহ্নিত করুন ঃ

| | বই | | লেখক |
|---|---|---|---|
| (A) | *দ্য রেচেড অফ দ্য আর্থ* | (i) | ফ্রান্জ ফ্যানোঁ |
| (B) | *ওয়ার্ল্ড অর্ডার* | (ii) | হেনরি কিসিংগার |
| (C) | *ইমপ্লোশন অফ ক্যাপিটালিজ্‌ম* | (iii) | সমীর আমিন |
| (D) | *নিও-কলোনিয়ালিজ্‌ম ঃ দ্য লাস্ট স্টেজ অফ ইম্পিরিয়ালিজম* | (iv) | জুলিয়াস নাইরেরে |

**29.** Locke's view on 'state of nature' is

(A) Pre-social
(B) Pre-political
(C) Pre-social and Pre-political
(D) Social and Political

**29.** লক-এর ধারণায় 'প্রকৃতির রাজ্য' হল

(A) প্রাক্-সামাজিক
(B) প্রাক্-রাজনৈতিক
(C) প্রাক্-সামাজিক ও প্রাক্-রাজনৈতিক
(D) সামাজিক ও রাজনৈতিক

**30.** Match the following theorists with their respective theories:

| | | | |
|---|---|---|---|
| (a) | Jeremy Bentham | (i) | Total Resolution |
| (b) | Hannah Arendt | (ii) | Republicanism |
| (c) | Frantz Fanon | (iii) | Post-colonialism |
| (d) | Jayaprakash Narayan | (iv) | Utilitarianism |

Choose the right codes given below:

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (iii) | (i) | (ii) | (iv) |
| (B) | (iv) | (ii) | (iii) | (i) |
| (C) | (ii) | (i) | (iv) | (iii) |
| (D) | (i) | (ii) | (iii) | (iv) |

**31.** Which of the following is *not* true?

(A) Lenin called for abolition of the State.

(B) Ecologism and environmentalism are not the same.

(C) Pluralism calls for concentration of sovereign power in the State.

(D) Post-modernism calls for the collapse of grand narratives.

**32.** Through 'genealogy of power', whose methodological concern is to look at the ways in which people govern themselves and others through the production of knowledge?

(A) Michel Foucault

(B) Pierre Bourdieu

(C) Karl Marx

(D) Antonio Gramsci

**33.** Who amongst the following theorists talked about the 'right to rebellion'?

(A) Mao Zedong

(B) John Stuart Mill

(C) Che Guevara

(D) John Locke

**30.** নিম্নলিখিত তাত্ত্বিকদের তাঁদের তত্ত্বানুযায়ী সাজান ঃ

| | | | |
|---|---|---|---|
| (a) | জেরিমি বেন্থাম | (i) | সম্পূর্ণ বিপ্লব |
| (b) | হ্যানা আরেন্ত | (ii) | প্রজাতন্ত্রবাদ |
| (c) | ফ্রানজ ফ্যানোঁ | (iii) | উত্তর-উপনিবেশবাদ |
| (d) | জয়প্রকাশ নারায়ণ | (iv) | উপযোগবাদ |

নিম্নলিখিতগুলির মধ্য থেকে সঠিক সংকেত চিহ্নিত করুন ঃ

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (iii) | (i) | (ii) | (iv) |
| (B) | (iv) | (ii) | (iii) | (i) |
| (C) | (ii) | (i) | (iv) | (iii) |
| (D) | (i) | (ii) | (iii) | (iv) |

**31.** নিম্নোক্ত কোন বক্তব্যটি সঠিক *নয়*?

(A) লেনিন রাষ্ট্রের অবসানের কথা বলেছেন।

(B) বাস্তুতন্ত্রবাদ এবং পরিবেশবাদ এক নয়।

(C) বহুত্ববাদ রাষ্ট্রের ক্ষমতার কেন্দ্রীকরণের কথা বলে।

(D) উত্তর-আধুনিকতাবাদ বৃহৎ আখ্যানের পতনের কথা বলে।

**32.** 'ক্ষমতার উৎপত্তি' তত্ত্বের মধ্যে দিয়ে এবং জ্ঞান উৎপাদন দ্বারা নিজেকে এবং অন্যান্যদের শাসন করার পদ্ধতিগত উদ্দেশ্য কার ছিল?

(A) মিশেল ফুকো

(B) পিয়ের বোর্দো

(C) কার্ল মার্কস

(D) অ্যান্তোনিও গ্রামশি

**33.** নিম্নোক্ত তাত্ত্বিকদের মধ্যে কে 'বিদ্রোহের অধিকারের' কথা বলেছেন?

(A) মাও জেদং

(B) জন স্টুয়ার্ট মিল

(C) চে গুয়েভারা

(D) জন লক

**34.** Who among the following is *not* a significant theorist of nationalism?

(A) Robert Dahl
(B) Ernest Gellner
(C) Anthony Smith
(D) Eric Hobsbawm

**35.** *Critique of the Gotha Programme* was written by

(A) Bukharin
(B) Engels
(C) Plekhanov
(D) Marx

**36.** Who advocated a junction of Vedanta brain and Islam body?

(A) Bal Gangadhar Tilak
(B) Swami Vivekananda
(C) Rabindranath Tagore
(D) Mahatma Gandhi

**37.** What type of person is described by Agganna Sutta as a paragon of virtue?

(A) Sadhaka
(B) Arahant
(C) Bhikkhu
(D) Brahmin

**38.** Which one among the following is *not* written by Sri Aurobindo?

(A) *Life Divine*
(B) *Essays on the Gita*
(C) *Yoga* : *Concepts and Practice*
(D) *The Ideals of Human Unity*

**34.** নিম্নোক্তদের মধ্যে কে জাতীয়তাবাদের তাৎপর্যপূর্ণ তাত্ত্বিক *নন*?

(A) রবার্ট ডাল
(B) আর্নেস্ট গেলনার
(C) অ্যান্টনি স্মিথ
(D) এরিক হবসবম্

**35.** *ক্রিটিক্ অফ দ্য গোথা প্রোগ্রাম* লেখেন

(A) বুখারিন
(B) এঙ্গেলস্
(C) প্লেখানভ
(D) মার্কস

**36.** বেদান্ত মন ও ইসলামি দেহের সমন্বয়ের প্রবক্তা কে ছিলেন?

(A) বালগঙ্গাধর তিলক
(B) স্বামী বিবেকানন্দ
(C) রবীন্দ্রনাথ ঠাকুর
(D) মহাত্মা গান্ধী

**37.** নিম্নোক্ত কোন শ্রেণির মানুষকে আগ্গান্না সূত্তে সদ্‌গুণের আধার হিসেবে বর্ণনা করা হয়েছে?

(A) সাধক
(B) অরাহন্ত
(C) ভিক্‌খু
(D) ব্রাহ্মণ

**38.** নিম্নলিখিত গ্রন্থগুলির কোনটি শ্রী অরবিন্দ *লেখেননি*?

(A) *লাইফ ডিভাইন*
(B) *এসেজ অন দ্য গীতা*
(C) *যোগ ঃ কনসেপ্টস্ অ্যান্ড প্র্যাকটিস*
(D) *দ্য আইডিয়ালস্ অফ হিউম্যান ইউনিটি*

**39.** Keep the odd one out:

(A) V. D. Savarkar

(B) Deendayal Upadhyaya

(C) M. S. Golwalkar

(D) Ram Manohar Lohia

**40.** The phrase 'Vasudhaiva Kutumbakam' is found in

(A) *Chandogya Upanishad*

(B) *Mandukya Upanishad*

(C) *Brihadaranyaka Upanishad*

(D) *Maha Upanishad*

**41.** Mary Wollstonecraft was an advocate of

(A) Marxist feminism

(B) Ecofeminism

(C) Liberal feminism

(D) Black feminism

**42.** Who among the following did conceive society as a "Cooperative venture for mutual advantage, more or less self-sufficient, and necessary governed by rules"?

(A) Robert Nozick

(B) John Rawls

(C) Karl Marx

(D) Friedrich Hayek

**43.** Who among the following is *not* a proponent of communitarianism?

(A) Alasdair Maclntyre

(B) Michael Sandel

(C) Michael Walzer

(D) Friedrich Hayek

**39.** নিম্নোক্তদের মধ্যে কে অন্যদের থেকে পৃথক?

(A) ভি. ডি. সাভারকার

(B) দীনদয়াল উপাধ্যায়

(C) এম. এস. গোলওয়ালকার

(D) রাম মনোহর লোহিয়া

**40.** 'বসুধৈব কুটুম্বকম' বাক্যাংশটি পাওয়া যায়

(A) *ছান্দোগ্য উপনিষদে*

(B) *মাণ্ডূক্য উপনিষদে*

(C) *বৃহদারণ্যক উপনিষদে*

(D) *মহা উপনিষদে*

**41.** মেরি উলস্টনক্রাফ্ট ছিলেন একজন

(A) মার্কসবাদী নারীবাদী

(B) পরিবেশবাদী নারীবাদী

(C) উদার নারীবাদী

(D) কৃষ্ণাঙ্গিক নারীবাদী

**42.** নিম্নোক্তদের মধ্যে কে সমাজকে "পারস্পরিক সুবিধার জন্য মোটামুটিভাবে স্বয়ংসম্পূর্ণ, অপরিহার্যভাবে নিয়মের দ্বারা পরিচালিত সহযোগিতামূলক এক উদ্যোগ" বলে উল্লেখ করেছেন?

(A) রবার্ট নজ়িক

(B) জন রল্‌স

(C) কার্ল মার্কস

(D) ফ্রেডেরিক হায়েক

**43.** নিম্নোক্তদের মধ্যে কে কৌমবাদের প্রবক্তা *নন*?

(A) অ্যালাসডেয়ার ম্যাকিনটায়ার

(B) মাইকেল স্যান্ডেল

(C) মাইকেল ওয়ালজ়ার

(D) ফ্রেডেরিক হায়েক

**44.** What is cosmopolitan democracy?

(A) A form of world government with global citizenship.

(B) Rule by world's educated elite.

(C) Democratic government at the level of the city.

(D) Democratic government that is representative of a multicultural society.

**44.** বিশ্বজনীন গণতন্ত্র কী?

(A) বিশ্ব নাগরিকতাসহ এক বিশ্ব সরকার।

(B) পৃথিবীর শিক্ষিত অভিজাতদের শাসন।

(C) নগর স্তরে গণতান্ত্রিক সরকার।

(D) বহুসংস্কৃতিবাদী সমাজের প্রতিনিধিত্বকারী গণতান্ত্রিক সরকার।

**45.** Which of the following statements is/are *true*?

I. Marxism acknowledges the relative autonomy of the State.

II. Marxism considers the State as merely a tool of industrialists.

*Codes*:

(A) I and II

(B) Ony II

(C) Only I

(D) None of the above

**45.** নিম্নোক্ত মন্তব্যগুলির কোনটি *সত্য*?

I. মার্কসবাদ রাষ্ট্রের আপেক্ষিক স্বাতন্ত্র্য কে মান্যতা দেয়।

II. মার্কসবাদ রাষ্ট্রকে কেবলমাত্র শিল্পপতিদের যন্ত্র মনে করে।

*সংকেত* ঃ

(A) I এবং II

(B) কেবলমাত্র II

(C) কেবলমাত্র I

(D) উপরের কোনোটিই নয়

**46.** Which of the following texts is *not* written by Marx?

(A) *Capital*

(B) *Economic and Philosophic Manuscripts*

(C) *Anti-Duhring*

(D) *Grundrisse*

**46.** নিম্নোক্ত গ্রন্থগুলির মধ্যে কোনটি মার্ক্স *লেখেননি*?

(A) *ক্যাপিটাল*

(B) *ইকনমিক অ্যান্ড ফিলসফিক ম্যানাস্ক্রিপ্টস*

(C) *অ্যান্টি-ডুহ্‌রিং*

(D) *গ্রুনড্রিস্*

**47.** "Will, not force, is the basis of the State." Who said this?

(A) G. W. F. Hegel

(B) Friedrich Nietzsche

(C) H. V. Treitschke

(D) T. H. Green

**47.** "শক্তি নয়, ইচ্ছাই রাষ্ট্রের ভিত্তি"— কে বলেছেন?

(A) জি. ডব্লু. এফ. হেগেল

(B) ফ্রেডরিখ নিটশে

(C) এইচ. ভি. ট্রেইটস্কে

(D) টি. এইচ. গ্রিন

**48.** The first proponent of representative democracy was

(A) John Rawls

(B) F. A. Hayek

(C) John Stuart Mill

(D) Aristotle

**48.** প্রতিনিধিত্বমূলক গণতন্ত্রের প্রথম প্রবক্তা হলেন

(A) জন রলস

(B) এফ. এ. হায়েক

(C) জন স্টুয়ার্ট মিল

(D) অ্যারিস্টটল

**49.** Given below are two statements, one is labelled as *Assertion* (*A*); and the other, *Reason* (*R*). Select the correct answer from the codes below:

*Assertion (A)* : Machiavelli differentiated between private morality and public morality

*Reason (R)* : Machiavelli emphasised on the indispensibility of public morality in statecraft

*Codes:*

(A) Both (*A*) and (*R*) are true and *(R)* is the correct explanation of *(A)*.

(B) Both (*A*) and (*R*) are true but *(R)* is not the correct explanation of *(A)*.

(C) *(A)* is true but *(R)* is false.

(D) *(A)* is false but *(R)* is true.

**50.** Arrange the following in the chronological order of their establishment:

(i) National Commission for Scheduled Castes

(ii) National Commission for Women

(iii) National Commission for Scheduled Tribes

(iv) National Human Rights Commission

Choose the right code from the following

(A) (i), (ii), (iii) and (iv)

(B) (ii), (iii), (iv) and (i)

(C) (i), (ii), (iv) and (iii)

(D) (iv), (i), (ii) and (iii)

**51.** Who among the following holds her/his office at the pleasure of the President?

(A) Chairperson of the Union Public Service Commission.

(B) Attorney General of India.

(C) Speaker of the Lok Sabha.

(D) Comptroller and Auditor General of India.

**49.** নীচে দুটি বাক্য দেওয়া আছে, প্রথমটি *প্রত্যয়* (*A*), দ্বিতীয়টি *যুক্তি* (*R*)। সংকেত অনুসারে সঠিক উত্তরটি বেছে নিন ঃ

*প্রত্যয়* (*A*) ঃ ম্যাকিয়াভেলি ব্যক্তিগত মূল্যবোধ ও গণ মূল্যবোধের মধ্যে পার্থক্য করেছেন।

*যুক্তি* (*R*) ঃ ম্যাকিয়াভেলি রাজ্যশাসনে গণ মূল্যবোধের অপরিহার্যতার উপর জোর দিয়েছেন।

*সংকেত* ঃ

(A) (*A*) এবং (*R*) দুটিই সঠিক এবং (*R*) হচ্ছে (*A*)-এর সঠিক যুক্তি।

(B) (*A*) এবং (*R*) দুটিই সঠিক, কিন্তু (*R*) (*A*)-এর সঠিক যুক্তি নয়।

(C) (*A*) সঠিক, কিন্তু (*R*) ভুল।

(D) (*A*) ভুল, কিন্তু (*R*) সঠিক।

**50.** নিম্নলিখিত সংস্থাগুলিকে তাদের প্রতিষ্ঠার কালানুসারে সাজান ঃ

(i) তফশিলি জাতির জন্য জাতীয় কমিশন

(ii) মহিলাদের জন্য জাতীয় কমিশন

(iii) তফশিলি আদিবাসীর জন্য জাতীয় কমিশন

(iv) জাতীয় মানবাধিকার কমিশন

নিম্নলিখিতগুলির মধ্য থেকে সঠিক সংকেত চিহ্নিত করুন ঃ

